গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মাদারগঞ্জ, জামালপুর।
www.madarganj.jamalpur.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪০.০০৫.২৪-৬৮৪ তারিখ : ০৮.১০.২০২৪ খ্রি:

**নোটিশ**

অক্টোবর/২৪ মাসের অনুষ্ঠিতব্য মাসিক সভাসমূহ নিম্নবর্ণিত তারিখ ও সময়সূচী অনুযায়ী উপজেলা পরিষদ (যমুনা) সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কমিটির সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | তারিখ | সময় | সভার নাম |
|---|---|---|---|
| ০১. | ১৭.১০.২৪ খ্রি: | সকাল ১০.০০ টা | উপজেলা পরিষদ মাসিক সভা। |
| ০২. | ১৭.১০.২৪ খ্রি: | বেলা ১২.০৫ টা | উপজেলা গ্রাম আদালত ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৩. | ১৭.১০.২৪ খ্রি: | বেলা ১২.১০ টা | উপজেলা আইনগত সহায়তা কমিটির সভা। |
| ০৪. | ১৭.১০.২৪ খ্রি: | বেলা ১২.২০ টা | উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির সভা। |
| ০৫. | ১৭.১০.২৪ খ্রি: | বেলা ১২.২৫ টা | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভা। |
| ০৬. | ১৭.১০.২৪ খ্রি: | বেলা ১২.৩০ টা | উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভা। |

২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে উপজেলা পরিষদ মাসিক সভায় তার অফিসের আলোচ্যসূচী এবং স্থায়ী কমিটির মিটিং এর রেজুলেশন ১৫.১০.২০২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

০৮/১০/২৪

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর।
টেলিফোন নম্বর: ০২৯৯৭৭৭৬৮০২
ই-মেইল-unomadarganj@mopa.gov.bd

প্রাপকঃ ১। উপজেলা..........................................অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
২। চেয়ারম্যান..........................................(সকল) ইউনিয়ন পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৩। জনাব ..........................................

সদয় জ্ঞাতার্থে অনুলিপি ঃ
১। জেলা প্রশাসক, জামালপুর।
২। অফিস কপি।

উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

**অক্টোবর/২০২৪ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ফাইযুল ওয়াসীমা নাহাত, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর |
| সভার তারিখ | : | ১৭ অক্টোবর ২০২৪ খ্রি: |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, মাদারগঞ্জ, জামালপুর। |

**১। সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দেখানো হলো:**
**২। সভায় অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'খ' দেখানো হলো:**

সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভার কর্মসূচী অনুযায়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ও অন্যান্য বিষয়াদির উপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|
| **০১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২৪ মাসে মাদারগঞ্জ উপজেলায় ১৩৯৭৫ জনকে বর্হিঃ বিভাগে সেবা, ২৩৩৫ জনকে জরুরী বিভাগে সেবা, ৭৮৬ জনকে অন্তঃ বিভাগ সেবা, ১০৬ জনকে হাসপাতালে ডেলিভারী, ১৯০৫ জনকে (০-৫) বছর বয়সী শিশুর আই এমসি আই সেবা, ৩২৪১ জনকে মোবাইল ফোনে সেবা, ৭৫% ইপিআই টিকা (জানুয়ারী/২৪ থেকে জুলাই/২৪) পর্যন্ত সেবা দেয়া হয়েছে। এছাড়া ৩৭ টি কমিউনিটি ক্লিনিকের সেবার পরিমান ৩৭৬৪০ জন, ৯৮০৭ জন সাবসেন্টার ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা। গত মাসে ডেঙ্গু জ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা ১২ জন। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **০২. উপজেলা কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর এর অনুপস্থিতিতে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২৪ মাসের<br>ক) ২০২৪-২৫ অর্থবছরে খরিফ-২/২০২৪-২৫ মৌসুমে মাসকালাই এর আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এ উপজেলায় প্রণোদনা হিসেবে ৭০ জন কৃষককে বিনামূল্যে মাসকলাই বীজ ও রাসায়নিক সার বিতরণ সম্পন্ন করা হয়েছে।<br>খ) মোসলেমাবাদ, গুনারীতলা ইউনিয়নে একটি এসএএও কোয়ার্টার সংস্কার করা অতীব জরুরি। সেজন্য ভবনটির প্রাক্কলন করা প্রয়োজন।<br>গ) ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমি এ উপজেলার ০৮ টি ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য মোট ৪৭০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে প্রণোদনা হিসেবে বিনামূল্য বীজ ও রাসায়নিক সার প্রদান করা হবে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৩. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) থোক বরাদ্দ খাতে কোন বরাদ্দ পাওয়া যায় নাই গত ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত টাকা ১,৩৮,৯৪,২৪৬.০০ টাকা। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দের পরিমাণ বার্ষিক উন্নয়ন সহায়তা তহবিলের পরিমাণ ১,৩৮,৯৪,২৪৬.০০ টাকা। বর্তমানে উক্ত টাকার মধ্যেই প্রকল্প গ্রহণের নিমিত্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা/২০14 মোতাবেক উন্নয়ন প্রকল্প বাছাই কমিটি কর্তৃক গৃহীত ও বাস্তবায়নের জন্য অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদ হতে প্রকল্প দাখিল করা প্রয়োজন। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) থোক বরাদ্দ খাতে কোন বরাদ্দ পাওয়া গেলে পুনরায় উন্নয়ন প্রকল্প গৃহীত হবে। | বিস্তারিত আলোচনান্তে, উন্নয়ন স্কীমসমূহ বাছাই করণের লক্ষ্যে আগামী ৩১ অক্টোবর ২০২৪ এর মধ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের উন্নয়ন প্রকল্প দাখিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হইল। | উপজেলা প্রকৌশলী মাদারগঞ্জ, জামালপুর। |
| **০৪. উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর জানায় সভায় জানান যে, সেপ্টেম্বর/২০২৪ মাসের তাঁর দপ্তরের ৬৮৫ টি কৃত্রিম প্রজনন ও ৩১৫ টি সংকর জাতের বাছুর উৎপাদন, ১৬২৫ টি গবাদিপশু ও ১৮০১৬ টি হাঁসমুরগী কে চিকিৎসা সেবা প্রদান করা হয়, হাসমুরগী টিকা প্রদান ২৫০০০ মাত্রা, গবাদি পশু ৫১০০০ মাত্রা এবং রাজস্ব আদায় ৮১৮৫০ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ |
| **০৫. উপজেলা মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান সেপ্টেম্বর/২০২৪ মাসে আগত মৎস্য চাষীকে মাছ চাষ বিষয়ক পরামর্শ প্রদান, মৎস্য সপ্তাদের উন্নয়ন ও সুরক্ষার জন্য আইন বাস্তবায়ন অব্যহত রয়েছে। মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৪ উপলক্ষ্যে গত ০৯.১০.২০২৪ তারিখে চরপাকেরদহ ইউনিয়নের কোয়ালিকান্দি বাজারে ০১ টি জনসচেতনমূলক সভা করা হয়েছে। মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৪ উপলক্ষ্যে উপজেলার বিভন্ন বাজার, বিভিন্ন আড়ৎ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **০৬. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। |
| **০৭. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২০২৪ মাসে স্থায়ী পদ্ধতি ০৩ জন, আইইউডি ১৬ জন, ইমপ্ল্যান্ট ৫০ জন, ইনজেকশন ৪২১ ভায়েল, খাবারবড়ি (সুখী) ৩৭৯ চক্র, কনডম ৫৬৯২, ইসিপি ৪৯ জন এবং ১৪ জনকে স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হয়। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান সেপ্টেম্বর/২৪ মাসের ১। অনলাইন এমপিও কার্যক্রম নিষ্পত্তি করণ। ২) বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠানে (EIIN ভূক্ত) জরিপ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ((EIIN বিহীন) শিক্ষা প্রতিষ্ঠানের জরিপ কার্যক্রম অতি শীঘ্রই শুরু হবে। ৩) শিক্ষা প্রতিষ্ঠানে পরিদর্শন চলমান রয়েছে। ৪) ৫১ তম গ্রীষ্মকালীন খেলাধূলা-২০২৪ সুষ্ঠভাবে সম্পন্ন করণ। ৫) ৬ষ্ঠ-৯ম শ্রেণীর ছাত্রীদের এইচপিভি টিকাদান কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে শিক্ষা প্রতিষ্ঠানে পত্র দিয়ে সার্বিক সহায়তা প্রদান। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর |
| **০৯. উপজেলা সমাজসেবা বিভাগ:**<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান সেপ্টেম্বর/২০২৪ মাসে<br>ক) প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন ১৫.১০.২০২৪ হতে ১৪.১১.২০২৪ পর্যন্ত চলমান।<br>খ) রোগী কল্যাণ সমিতির মাধ্যমে মাদরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভর্তিকৃত ১১ জন অসহায় দুস্থ রোগীদের মাঝে ওষুধ বিতরণ।<br>গ) ভাতাভোগীদের লাইফভেরিফিকেশন কার্যক্রম চরমান।<br>ঘ) ভাতাভোগীদের সচেতন করার লক্ষ্যে প্রচরণার কার্যক্রম চলমান<br>ঙ) প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলমান রয়েছে।<br>চ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মোট ৪,২৮,৯৮০ টাকা আদায় করা হয়েছে।<br>ছ) ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মূল বিনিয়োগ ও পুনবিনিয়োগ সর্বমোট ৪,২৫,০০০ | (ক) বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **১০. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২০২৪ মাসে তাঁর দপ্তরে চলতি ঋণ আদায় ৬,৫০,০০০ টাকা, বিতরণ ৮,৯৯,০০০ টাকা, খেলাপী ঋণ আদায় ৮০০০ টাকা এবং সঞ্চয় আদায় ৭৬,০০০ টাকা। ২০১০ সালের ৩০ জুন এর পূর্বে বিতরণকৃত খেলাপী ঋণের ০১ বছরের সেবামূল্যসহ পরিশোধের সময়সীমা শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি:। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকাসহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২৪ মাসের টি আর ,কাবিখা/কাবিটা, ইজিপিপি ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ পাওয়া যায়নি। এইচবিবি করণ ০২ টির বরাদ্দকৃত ১.৭৫,২০১৮৫ টাকা, ৪৯ টি ব্রিজের বরাদ্দকৃত টাকা ২০,৪৮,০৮,৯৬৩। বন্যা প্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্প ০২ টি বরাদ্দকৃত অর্থ ৬,৬১৩১,০০২, মুজিব কিল্লা নির্মাণ ০২ টি বরাদ্দকৃত অর্থ ৩,৯০,৯৯,৬৭৬ টাকা, ডিআরএমপি (জাইকা) ০১ টি বরাদ্দকৃত অর্থ ৪,৭৮,০০,০০০ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১২. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, এ উপজেলায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৩. উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত থাকায় কোন আলোচনা হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার এবং যথাসময়ে কার্যপত্র প্রেরণের জন্য বলা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৪. উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, তাঁর দপ্তরে সেপ্টেম্বর/২০২৪ মাসে<br>(ক) ভিডব্লিউবি : উপজেলার ০৭ টি ইউনিয়নের ৩১৪৩ জন সুবিধাভোগীর খাদ্য সহায়তার জন্য ডি.ও প্রদান করা হয়েছে।<br>(খ) ডব্লিউটিসি : মহিলা প্রশিক্ষন কেন্দ্রের জুলাই/২৪ হতে সেপ্টেম্বর/২০২৪ ১ম ব্যাচের প্রশিক্ষণের কার্যক্রম ৩০.০৯.২৪ তারিখে শেষ হবে। । ২০২৪-২৫ অর্থবছরে অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ পর্যন্ত ২য় ব্যাচে প্রশিক্ষনার্থী ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>(গ)মা ও শিশু সহায়তা কর্মসূচি: উক্ত কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের বরাদ্দ পাওয়া | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মাদারগঞ্জ। |

| | | |
|---|---|---|
| যায়নি।<br>(ঘ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় স্থাপনকৃত ০৮ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। | | |
| **১৫. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান 'সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ' প্রকল্পের অধিনে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ও লার্জড ওয়াটার পাইপ লাইন স্থাপনের কাজ চলমান রয়েছে। মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় তেঘরিয়া বাজারে হ্যাড পানি ট্যাংক নির্মান কাজ এবং স্মল ওয়াটার সপ্লাই ইউনিটের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে ওয়াশব্লক ও ওয়াশ বেসিনের কাজ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মাদারগঞ্জ, |
| **১৬. উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সেপ্টেম্বর/২৪ মাসের<br>ক) গ্রীষ্মকালীন ভুট্টা জরিপ জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ খ) মাসিক কৃষি মুজুরীর রির্পোট জেলা পরিসংখ্যানে প্রেরণ গ) পাট ফসলের আনুমানিক হিসাব এবং গ্রীষ্মকালীন পশু খাদ্য এর আনুমানিক হিসাব জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর |
| **১৭. উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান সেপ্টেম্বর/২৪ মাস হতে খাদ্য বান্ধব কর্মসূচির মাধ্যমে ১৫ টাকা কেজি দরে ভোক্তাদের মাঝে পুষ্টি চাল বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। | নির্ধারিত নিয়মে চাল বিতরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৮. উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২৪ মাসের ০২ জন প্রশিক্ষণার্থী মোট ড্রাইভিং প্রশিক্ষণে প্রেরণ এবং উপজেলা পরিষদ নির্বাচনে মোতায়েনকৃত সদস্য- সদস্যাদের নগদ মোবাইল একাউন্ট সংশোধন করে জেলায় প্রেরণ। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **১৯. উপজেলা পাট উন্নয়ন বিভাগ:**<br>উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সেপ্টেম্বর/২৪ মাসের চলতি মৌসুমে নাবী পাট বীজ উৎপাদনকারী ৭৫ জন চাষীদের বীজ উৎপাদনের জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মরিচ ফসলের সাথী ফসল হিসেবে ২০০ জন কৃষকে বিনামূল্যে ভিত্তি পাটের বীজ ( জন প্রতি ২০০ গ্রাম) ও রাসায়নিক সার (জন প্রতি ১২ কেজি) বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। |
| **২০. উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ:**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান তাঁর দপ্তরের সেপ্টেম্বর/২৪ মাসে ঋণবিতরণ ৯৭.৯৫ লক্ষ টাকা, আদায় ৬৫.৪০ লক্ষ টাকা এবং আদায়ের হার ৯৮% এবং মোট সদস্য সংখ্যা ৩৮৪০ জন। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। |
| **২১. উপজেলা বন বিভাগ:**<br>ফরেষ্টার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান যে, সেপ্টেম্বর/২৪ মাসে মোট ২৫০০ (দুই হাজার পাঁচশত) টি বিভিন্ন প্রজাতির চারাগাছ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশমতে বিভিন্ন প্রতিষ্ঠানে চারা বিতরণ সম্পন্ন হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফরেস্টার মাদারগঞ্জ, জামালপুর। |
| **২২. পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান-সেপ্টেম্বর/২৪ মাসের সঞ্চয় আদায় ৪.৭৩ লক্ষ টকা, ঋণ বিতরণ ৬২.৫০ লক্ষ টাকা ঋণ আদায় ৫১.৭০ লক্ষ টাকা। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৩. ফায়ার সর্ভিস বিভাগ:**<br>সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান, সেপ্টেম্বর/২০২৪ মাসে অগ্নিনিবারণ এবং বিভিন্ন উদ্ধার কাজ চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| **২৪. তথ্য আপা প্রকল্প:**<br>উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর অনুপস্থিত এবং কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | যথাসময়ে পরবর্তী সভায় উপস্থিত এবং কার্যপত্র প্রেরণের জন্য বলা হলো। | তথ্য সেবা কর্মকর্তা মাদারগঞ্জ, জামালপুর। |
| **২৫. ইসলামিক ফাউন্ডেশন:**<br>উপজেলা ফিল্ড সুপারভাইজার, মাদারগঞ্জ, জামালপুর সভায় জানান মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা পরিদর্শনে কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন মাদারগঞ্জ, জামালপুর |
| **২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, মাদারগঞ্জ, জামালপুর কর্তৃক কোনো কার্যপত্র পাওয়া যায়নি। | পরবর্তী সভায় যথাসময়ে কার্যপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। | (ক) উপজেলা প্রকৌশলী<br>(খ) ইউডিএফ<br>(ইউজিডিপি) |

**২৭. উপজেলা পরিষদ সংক্রান্ত:**

রাজস্ব তহবিলের সেপ্টেম্বর/২৪ মাসের ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| আগস্ট/২০২৪ মাসের প্রশাসকের সম্মানী | ৬০০ |
| আগস্ট/২০২৪ মাসের চেয়ারম্যানের সম্মানী | ২৪,০০০ |
| আগস্ট/২০২৪ মাসের ভাইস চেয়ারম্যানের সম্মানী | ১৬,২০০ |
| আগস্ট/২০২৪ মাসের মহিলা ভাইস চেয়ারম্যানের | ১৬,২০০ |
| আগস্ট/২০২৪ মাসের আপ্যায়ন ব্যয় | ২৯,৯৯৬ |
| আগস্ট/২০২৪ মাসের আনুষাঙ্গিক বিল | ৪৯৭০ |
| আগস্ট/২০২৪ মাসের সিসি ক্যামেরা ক্রয় ও মেরামত | ৩৯৪৯৯ |
| আগস্ট/২০২৪ মাসের অফিস ও বাসা ভাড়া মেরামত | ৪৯১১৯ |
| আগস্ট/২০২৪ মাসের সুইপার মজুরী বাবদ | ১১,০০০ |
| আগস্ট/২০২৪ মাসের পরিষ্কার পরিচ্ছন্নতা | ৮০০০ |
| মোট | ১,৯৯,৫৮৪ |

সভাপতি বলেন, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর এ মালি না থাকায় উপজেলা পরিষদ অভ্যন্তরে ময়লা আবর্জনা ও আগাছায় ভরে গেছে যার ফলে মশার উপদ্রুপ বেড়ে গেছে। সেজন্য উপজেলা পরিষদ এ দৈনিক হাজিরার ভিত্তিতে জনাব মো: আক্তারুজ্জমান, পিতা: মো: নুরুল ইসলাম, গ্রাম: কয়ড়া, ডাকঘর: পাটাদহ, উপজেলা: মাদারগঞ্জ, জেলা: জামারপুর কে মালি পদে নিয়োগ দেয়া যেতে পারে। এছাড়া, সুইপার পদে কর্মরত শ্রী বিপ্লব দাস শারীরিক অক্ষমতাজণিত কারণে কাজ না করার আগ্রহ প্রকাশ করায় তার স্থলে মোছা: জুলেখা, স্বামী: মো: আমজাদ ফকির, বালিজুড়ী পশ্চিমপাড়া, মাদারগঞ্জ, জামালপুর কে নিয়োগ দেয়া যেতে পারে।

(ক) বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় সেপ্টেম্বর/২৪ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ১,৯৯,৫৮৪ (এক লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত চুরাশি) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।

(খ) জনাব মো: আক্তারুজ্জমান, পিতা: মো: নুরুল ইসলাম, গ্রাম: কয়ড়া, ডাকঘর: পাটাদহ, উপজেলা: মাদারগঞ্জ, জেলা: জামারপুর কে মালি পদে নিয়োগ এবং সুইপার শ্রী বিপ্লব দাসকে সুইপার পদের চাকরি হতে অব্যাহতি দেয়া ও মোছা: জুলেখা, স্বামী: মো: আমজাদ ফকির, বালিজুড়ী পশ্চিমপাড়া, মাদারগঞ্জ, জামালপুর কে সুইপার হিসেবে নিয়োগ দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ

**২৮. বিবিধ:**

চেয়ারম্যান, বালিজুড়ী ইউনিয়ন পরিষদ বলেন, তার ইউনিয়নে সুখনগরী ব্রিজের এপ্রোচে কয়েকবার মাটি দেয়ার পরেও তা ভেঙ্গে যায়। গত সপ্তাহে সেখানে দুর্ঘটনায় একটি ছেলে ময়মনসিংহ মেডিকেল হাসপাতালে ভর্তি হয়। তিনি অতি দ্রুত ব্রিজ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুরকে অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর শারদীয় দুর্গা পূজায় সহযোগিতা করার জন্য অফিসার ইনচার্জসহ সকল দপ্তর, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর এবং অন্যান্য সকলকে ধন্যবাদ জানান। তিনি প্রত্যেক ইউনিয়নে দরিদ্র ও অসহায় জেলেদের বরাদ্দ দেয়ার জন্য উপজেলা মৎস্য অফিসার এবং চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ,(সকল) মাদরগঞ্জ, জামালপুরকে অনুরোধ করেন। ভিজিএফ/ভিজিবি এবং টিসিবি পণ্য বিতরণের জন্য ট্যাগ অফিসার এর উপস্থিতিতে বিতরণ করতে হবে মর্মে সভায় জানান। বিআরডিবি ২০১০ সালে ৩০ জুনের পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূলক ১ বছরের অতিরিক্ত অংশ মওকুফের যোগ্য সময়সীমা শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২৪ সেবিষয়ে ঋণগ্রহীতাগণকে প্রচারণার করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর এবং চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ সকলকে অনুরোধ করা হয়।

২০১০ সালে ৩০ জুনের পূর্বে বিতরণকৃত ঋণের সেবামূলক ১ বছরের অতিরিক্ত অংশ মওকুফের যোগ্য সময়সীমা শেষ হবে ৩১ ডিসেম্বর ২০২৪ সেবিষয়ে ঋণগ্রহীতাগণকে প্রচারণার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর

অত:পর আর কোনো আলোচনা না থাকায় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১০/২৪

(ফাইযুল ওয়াসীমা নাহাত)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মাদারগঞ্জ, জামালপুর

স্মারকনং: ০৫.৪৫.৩৯৫৮.৪৫৬.৪৭.০০১.২৪-৭২৪

তারিখ ঃ ১৭ অক্টোবর ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার,জামালপুর।
৩। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . অফিসার, মাদারগঞ্জ, জামালপুর।
৪। চেয়ারম্যান, . . . . . . . . . . . . . . . . . . . . .ইউনিয়ন পরিষদ (সকল), মাদারগঞ্জ, জামালপুর।
৫। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .সদস্য, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর।
৬। অফিস কপি।

২৭/১০/২৪

উপজেলা নির্বাহী অফিসার
মাদারগঞ্জ, জামালপুর।

অক্টোবর/২৪ মাসের মাসিক সভার হাজিরা

তাং: ১৭/১০/২০২৪ খ্রিঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | [illegible] |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, | [illegible] |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মাদারগঞ্জ। | [illegible] |
| ১০ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মাদারগঞ্জ। | [illegible] |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৪ | উপজেলা সমবায় অফিসার, মাদারগঞ্জ। | |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | [illegible] |
| ১৭ | উপজেলা পরিসংখ্যান অফিসার, মাদারগঞ্জ। | |
| ১৮ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মাদারগঞ্জ। | [illegible] |
| ১৯ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। | [illegible] |
| ২০ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, মাদারগঞ্জ | |
| ২১ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা। | [illegible] ১৭/১০/২৪ |
| ২২ | উপজেলা [illegible], মাদারগঞ্জ, জামালপুর। | [illegible] |
| ২৩ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, মাদারগঞ্জ। | [illegible] |
| ২৪ | ম্যানেজার, [illegible] | |
| ২৫ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, মাদারগঞ্জ। | |
| ২৬ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, | [illegible] |
| ২৭ | সভাপতি, ইমাম সমিতি, মাদারগঞ্জ। | |
| ২৮ | উপজেলা নির্বাচন অফিসার, মাদারগঞ্জ। | [illegible] |
| ২৯ | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, | [illegible] |
| ৩০ | উপজেলা [illegible] | [illegible] |

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ৩১ | সাধারণ সম্পাদক, মুক্তিযোদ্ধা সংসদ | [illegible] |
| ৩২ | সভাপতি, মাদারগঞ্জ প্রেসক্লাব। | |
| ৩৩ | সভাপতি, মাদারগঞ্জ উপজেলা প্রেসক্লাব। | [illegible] |
| ৩৪ | চেয়ারম্যান, ইউপি [illegible]: | |
| ৩৫ | " ১নং চরপাকেরদহ ইউপি | [illegible] |
| ৩৬ | " ২নং কড়ইচড়া ইউপি | [illegible] |
| ৩৭ | " ৩নং গুনারীতলা ইউপি | A |
| ৩৮ | " ৪নং বালিজুড়ী ইউপি | [illegible] |
| ৩৯ | " ৫নং জোড়খালী ইউপি | [illegible] |
| ৪০ | " ৬নং আদারভিটা ইউপি | [illegible] |
| ৪১ | " ৭নং সিধুলী ইউপি | A |
| ৪২ | জনাব শিরিনা পারভীন, সংরক্ষিত সদস্য | |
| ৪৩ | জনাব শেফালী বেগম, সংরক্ষিত সদস্য। | |
| ৪৪ | " সাইদুল ইসলাম - ০৫ গ্রাম আদালত | [illegible] |